

B.A. 4th Semester (Honours) Examination, 2024 (CBCS)**বিষয় : বাংলা****Course : CC-IX****সময় : ৩ ঘণ্টা****পূর্ণমান : ৬০**

দক্ষিণ-প্রাত্তিক সংখ্যাগুলি প্রশ্নের মানের নির্দেশক।

যথাসত্ত্ব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। যে কোনো দশটি প্রশ্নের পূর্ণাক্ষে উত্তর লেখো :

২×১০=২০

- (ক) “স্বামী আমার সোনার মাছি বেড়ায় ফুলে ফুলে
তেকাটাতে এলে সখা বুঁধি বা পথ ভুলে।”—কে, কখন কথাটি বলেছেন?
- (খ) “আপনার গ্রামখানিকে সে প্রাণের অধিক ভালোবাসে।”—কে ভালোবাসে? গ্রামটির নাম কী?
- (গ) ‘চন্দ্রশেখর’ উপন্যাস অনুসারে ওয়ারেন হেস্টিংস ফস্টরকে কী শাস্তি দিয়েছিলেন এবং কেন?
- (ঘ) সেটেলমেন্টের খানাপুরী বলতে ‘গণদেবতা’ উপন্যাসে কী বোঝানো হয়েছে? গোমস্তামশায়ের সাজসরঞ্জাম নিয়ে
ক-টি গাড়ি এসেছিল?
- (ঙ) বেদগ্রামে কে থাকত? ‘চন্দ্রশেখর’ উপন্যাসে বেদগ্রামের কাছে কোথায় ইংরেজদের রেশমের কুঠি ছিল?
- (চ) “গ্রামের হৎপিণি, সমস্ত জীবনীশক্তির কেন্দ্রস্থান”—‘গণদেবতা’ উপন্যাসে কে, কোন প্রসঙ্গে এ-কথা ভেবেছে?
- (ছ) “জানি সে পৃথিবীতে যত পাপিষ্ঠা আছে, তোমার মত পাপিষ্ঠা কেহ নাই।”—বক্তা কে? পাপিষ্ঠা কাকে বলা
হয়েছে?
- (জ) “তোমায় থাকতে হবে অচলা হয়ে।”—‘গণদেবতা’ উপন্যাসে কে, কাকে একথা বলেছে?
- (ঝ) “এইরূপে ব্রিটিশ পদাঘাতে সকল ভারতবর্ষ ভাস্তিয়া পড়ুক”—প্রতাপের দরজায় কে কে লাথি মেরেছিল?
- (ঝঃ) ‘গণদেবতা’ উপন্যাসে কে অনিবন্ধ কর্মকারের বাইরের ঘরটিতে কত টাকা ভাড়া দিয়ে থাকত?
- (ট) কার পরামর্শ ব্যতীত মীর কাসেম কোনো কাজকর্ম করতেন না? কেন?
- (ঠ) “রাজার হলেই পেজার”—কে, কোন প্রসঙ্গে, কোন উপন্যাসে একথা বলেছিল?
- (ড) “তুমি একদিন ভারতবর্ষের দ্বিতীয় নূরজাহান হইবে।”—কোন উপন্যাসে, কাকে বলা হয়েছে?
- (ঢ) “দেবু ঘোষের বিরুদ্ধে অভিযোগ একটি নয়”—দেবু ঘোষের বিরুদ্ধে কী কী অভিযোগ ছিল?
- (ণ) “আশা থাকিতে মানুষে মরিতে পারে না।”—কখন, কে এমন কথা ভেবেছিল?
- (ত) “মানুষ বাঁচিবে। ভয় নাই ভয় নাই।”—‘গণদেবতা’ উপন্যাসে এ-কথা কার, কেন মনে হয়েছে?

(2)

AH-IV/BENH/CC-IX/24

২। যে কোনো চারটি প্রশ্নের উত্তর লেখো :

$5 \times 8 = 20$

- (ক) “যা দেখিলাম তা অত্যন্ত বিস্ময়কর? তুমি শুনিও না।”—বক্তা কে? তিনি কোন প্রসঙ্গে, কেন একথা বলেছেন?
- (খ) প্রামের এই বিপর্যয়, বিয়োগে, শোকে সে নিতান্ত আপনজনের মতই বিষণ্ণ ও ব্যথিত হইয়া উঠিল।” কার বিষণ্ণতার কথা বলা হয়েছে? চরিত্রটি সংক্ষেপে আলোচনা করো।
- (গ) “এই পত্রকে সূত্র করিয়া বিধাতা দলনী এবং শৈবলিনীর অদ্ভুত একত্র গাঁথিলেন।”—কোন পত্রের কথা বলা হয়েছে? বিধাতা কীভাবে একই সূত্রে গেঁথেছিলেন তা আলোচনা করো।
- (ঘ) “তোমাকে আশীর্বাদ করতেই এসেছি।”—বক্তা কে? তিনি কাকে, কেন আশীর্বাদ করতে এসেছিলেন? প্রাসঙ্গিক অংশ অবলম্বনে আলোচনা করো।
- (ঙ) “রামচরণের আর একটি সময়োপযোগী গুণ ছিল ধূর্ততা।”—রামচরণ কে? ‘চন্দ্রশেখর’ উপন্যাস অনুসারে তাঁর চরিত্রের উপযোগিতা আলোচনা করো।
- (চ) “জগনের এই বিচিত্র ব্যাখ্যান শুনিয়া অনিরুদ্ধ বিশ্ময়ে স্তুতি হইয়া গেল।”—প্রসঙ্গসহ এই বিচিত্র ব্যাখ্যানটি সংক্ষেপে লেখো।

৩। নিচের প্রশ্নগুলির উত্তর লেখো :

$10 \times 2 = 20$

- (ক) ‘চন্দ্রশেখর’ উপন্যাসে কোনো তত্ত্ব কথা নয়, ব্যক্তিজীবন এবং প্রেমের শক্তির জয় ঘোষণাই সাহিত্যিক উৎকর্ষের মূল কারণ।—আলোচনা করো।

অথবা,

‘চন্দ্রশেখর’ উপন্যাসের নায়িকা শৈবলিনী, প্রতাপও অত্যন্ত সক্রিয় চরিত্র, তবু নামকরণ চন্দ্রশেখরের নামে হয়েছে—আলোচনা করো।

- (খ) ধনে, জনে, প্রতিপন্থিতে ছিল পাল দেবু পাণ্ডিতের তুলনায় বড়ো হওয়া সত্ত্বেও উপন্যাসের মুখ্য চরিত্র দেবু পাণ্ডিতই। —আলোচনা করে মন্তব্যটি গ্রহণযোগ্য কি না বিচার করো।

অথবা,

“মনস্তত্ত্বের দিক থেকে ‘গণদেবতা’ উপন্যাসে অনিরুদ্ধের স্তু পদ্ম সর্বাপেক্ষা কৌতুহলোদ্দীপক।”—এই প্রসঙ্গে ‘পদ্ম’র চরিত্র আলোচনা করো।